

১) জনস্বাস্থ্য সুরক্ষা	২) জনস্বাস্থ্য সুরক্ষা
২) পেশা কর্তব্য	৩) সংরক্ষণ কর্তব্য
৩) সংরক্ষণ কর্তব্য	৪) বাবস্থা গ্রহণ
৪) বাবস্থা গ্রহণ	৫) হস্তক্ষেপ গ্রহণ
৫) হস্তক্ষেপ গ্রহণ	৬) অতিরিক্ত কর্তব্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা  
ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা  
www.khulna.gov.bd

তারিখ : ৩০ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৫.৪৪.৪৭০০.০০০.০১৯.১৮.০২৪.২৫-৩৯৫

### “গণবিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকল আবাসিক হোটেল ও রেস্তোরাঁ ব্যবসায়ীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ এর ৭ ধারা অনুযায়ী নিবন্ধন ও লাইসেন্স গ্রহণ ব্যতীত হোটেল ও রেস্তোরাঁ ব্যবসা পরিচালনার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

সম্প্রতি লক্ষণীয় যে, বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ এর ৮ ও ১০ ধারা অনুযায়ী নিবন্ধন ও লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে কিছু কিছু ব্যক্তি/প্রতিষ্ঠান আবাসিক হোটেল ও রেস্তোরাঁ পরিচালনা করছে, যা উক্ত আইনের পরিপন্থী। তদুপরি এহেন কাজের ফলে সরকার প্রচুর রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে।

বর্ণিত অবস্থায়, বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ এর ৮ ও ১০ ধারা অনুযায়ী আবাসিক হোটেল ও রেস্তোরাঁ ব্যবসা পরিচালনা নিমিত্ত অতিরিক্ত নিবন্ধন ও লাইসেন্স গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অন্যায় আইন অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ তোফিকুর রহমান  
জেলা প্রশাসক  
খুলনা  
নিয়ন্ত্রক

হোটেল ও রেস্তোরাঁ সেল

ফোন : ০২৪৭৭-৭২১১১১(অফিস)

e-mail: dckhulna@mopa.gov.bd

তারিখ : ৩০ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৫.৪৪.৪৭০০.০০০.০১৯.১৮.০২৪.২৫-৩৯৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার, খুলনা
০৩. পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা
০৪. পুলিশ সুপার, খুলনা
০৫. প্রশাসক, খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, খুলনা
০৬. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা
০৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা (বিষয়টি সংশ্লিষ্টদের অবহিতকরণার্থে তার উপজেলায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৮. উপপ্রধান তথ্য অফিসার, পিআইডি, খুলনা (তাকে বিজ্ঞপ্তিটি প্রেস রিলিজ আকারে স্থানীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
০৯. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা (তাকে বিজ্ঞপ্তিটি জেলা ওয়েবপোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
১০. আহবায়ক, খুলনা প্রেস ক্লাব, খুলনা

মোঃ তোফিকুর রহমান  
জেলা প্রশাসক  
খুলনা  
নিয়ন্ত্রক  
হোটেল ও রেস্তোরাঁ সেল